গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বামনা, বরগুনা।
www.bamna.barguna.gov.bd

সভার নাম : **উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মে-২০২২ মাসের সভার কার্যবিবরণী।**

তারিখ ও সময় : ১৯.০৫.২০২২ খ্রি. সময়: বেলা ১০:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বামনা।

সভাপতি : বিবেক সরকার
উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা।

**উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"-তে সন্নিবেশিত হলো।**

অদ্যকার সভায় জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-০২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা উপস্থিত থাকায় তাকে ধন্যবাদ জানিয়ে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। অত:পর মুখ্য উপদেষ্টা মহোদয়ের সদয় সম্মতিক্রমে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন তেলওয়াত করেন বামনা সদর আর রশিদ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: ইউনুচ আলী এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব সমীর চন্দ্র শীল, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বামনা। অতঃপর বিগত ২৭.০৪.২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং তাতে কোনরূপ সংশোধনী না থাকায় উহা দৃঢ়করণ করা হয়।

সভায় অফিসার ইন চার্জ, বামনা থানা কর্তৃক প্রেরিত মে-২০২২ মাসের অপরাধচিত্র উপস্থাপন করা হয়।

| ক্রমিক | আপরাধ/আইন | অপরাধের পরিসংখ্যান | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | মার্চ-২০২২ | এপ্রিল-২০২২ | |
| ১. | ডাকাতি | ০ | ০ | |
| ২. | দস্যুতা | ০১ | ০ | আদালত হতে প্রাপ্ত |
| ৩. | চুরি | ০ | ০ | |
| ৪. | খুন | ০ | ০ | |
| ৫. | খুনের উদ্দেশ্যে গুরুতর আঘাত | ০ | ০ | |
| ৬. | গুরুতর আঘাত | ০ | ০ | |
| ৭. | দাঙ্গা | ০ | ০ | |
| ৮. | অস্ত্র আইন | ০ | ০ | |
| ৯. | নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ ব্যতীত) | ০১ | ০ | আদালত হতে প্রাপ্ত |
| ১০. | নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ) | ০ | ০ | |
| ১১. | অপহরণ | ০১ | ০ | আদালত হতে প্রাপ্ত |
| ১২. | দ্রুত বিচার আইন | ০ | ০ | |
| ১৩. | চোরাচালান/বিশেষ ক্ষমতা আইন-১৯৭৪ | ০ | ০ | |
| ১৪. | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ | ০৩ | ০৩ | থানায় মামলা দায়ের |
| ১৫. | এসিড নিক্ষেপ | ০ | ০ | |
| ১৬. | দলিলও ট্রেডমার্ক | ০ | ০ | |
| ১৭. | আঘাতের ভীতি/বল পূর্বক গ্রহণ | ০ | ০ | |
| ১৮. | গর্ভপাত | ০ | ০ | |
| ১৯. | সড়ক দুর্ঘটনা | ০ | ০ | |
| ২০. | বিবাহ সম্পর্কিত অপরাধ | ০ | ০ | |
| ২১. | বিস্ফোরক দ্রব্যাদি আইন-১৯০৮ | ০ | ০ | |
| ২২. | দন্ডবিধি ১৮৬০ এর আওতায় আপরাধ | ০ | ০ | |
| ২৩. | ঘর পোড়া | ০১ | ০১ | থানায় মামলা দায়ের |
| ২৪. | অন্যান্য মামলা | ০২ | ০৩ | থানায় মামলা দায়ের |
| | মোট : | ০৯ | ০৭ | |

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বামনা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি বিগত বছরের তুলনায় স্বাভাবিক ও শান্তিপূর্ণ থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। সভাপতি বলেন যে, বামনা উপজেলা একটি শান্তি প্রিয় এলাকা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি বিগত সময়ের চেয়ে তুলনামূলকভাবে ভাল আছে। এ জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>সভায় অফিসার ইন চার্জ, বামনা থানা বলেন যে, বিগত সময়ের চেয়ে বামনা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। তিনি সভায় জানান ঈদ-উল-ফিতর এর সময় আইন শৃঙ্খলা বাহিনী নিরলসভাবে তাদের দায়িত্ব পালন করায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল ছিল। তিনি আরও বলেন বামনা সাহেববাড়ি বাজার বিশেষ করে গোল চত্বর এলাকায় ফুটপথ দখল করে ব্যবসায়ীগণ ব্যবসা পরিচালনা করায় স্কুল ও কলেজগামী ছেলে-মেয়েদের চলাচলে সমস্যা হচ্ছে। তিনি বলেন ইতোপূর্বে বামনা থানায় মাদক, জুয়া, চোর ও ডাকাতদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করা হয়েছে। তিনি ইউনিয়নের যে কোন সমস্যা পুলিশের নজরে আনয়নের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করেন। সভাপতি বলেন যে, বামনা সাহেব বাড়ি বাজার সম্প্রসারণের জন্য ইতোমধ্যে সরকারি সারওয়ারজান পাইলট উচ্চ বিদ্যালয়ের পিছনে পরিত্যক্ত ডোবা ভরাটের কাজ চলছে। ফুটপথের ব্যবসায়ীদের সেখানে স্থানান্তরের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সভাপতি আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে কোন অবস্থাতেই যেন অবনতি না হয় সেজন্য পুলিশ বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং সকল ধরণের অপরাধীদের আইনের আওতায় আনতে পুলিশ বাহিনীকে অনুরোধ জানানো হয়। | (ক) বামনা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখার জন্য পুলিশ বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা অব্যাহত রাখতে হবে।<br>(খ) সকল ধরণের অপরাধীদের দ্রুত আইনের আওতায় আনার জন্য অফিসার ইন চার্জ, বামনা থানাকে অনুরোধ করেন। | ০১) অফিসার ইন চার্জ, বামনা থানা।<br>০২) চেয়ারম্যান (সকল), বামনা উপজেলা। |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা সভায় জানান যে, বামনা উপজেলার ক্ষুদ্র ব্যবসায়ীদের কথা বিবেচনা করে বামনা সরকারি সারওয়ারজান পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের পিছনের পরিত্যক্ত ডোবাটি ভরাট করা হচ্ছে। তবে ডোবা ভরাটের জন্য মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত বরাদ্দ খুবই অপ্রতুল। এ জন্য তিনি মাননীয় সংসদ সদস্যের কাছে বরাদ্দ বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, জুন-২০২২ মাসের মধ্যে সকলের পরামর্শ নিয়ে বামনা সাহেব বাড়ি বাজারটি স্থানান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে আশ্বস্ত করেন। তিনি আরও বলেন বামনা উপজেলায় চুরি-ডাকাতি রোধের জন্য প্রয়োজনে সকল ইউনিয়নে টিম গঠন করে গ্রাম পুলিশদের মাধ্যমে পাহারার ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>আলোচনাকালে সভায় জনাব মো: নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক, বামনা প্রেস ক্লাব বামনা বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য মাঝে মধ্যে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানান। তিনি নিয়মিত বাজার মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, বামনা উপজেলায় কিছু কিছু ডায়গনেস্টিক সেন্টারের প্রয়োজনীয় কাগজপত্র না থাকলেও তারা অবাধে ব্যবসা পরিচালনা করছে। তিনি বামনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাট ভরাট করার জন্য এবং একটি টিউবওয়েল বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান।<br>জনাব মো: জসিম উদ্দিন পিন্টু, যুগ্ম সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, বামনা উপজেলা শাখা ও সভাপতি, বামনা বাজার কমিটি সভায় জানান যে, বামনা উপজেলার দুটি খেয়াঘাটে টোল চার্ট টাঙ্গানো হয়েছে তবে বাজারে টোল চার্ট টাঙ্গানো হয়নি তিনি দ্রুত বামনা উপজেলার সকল হাট-বাজারে টোল চার্ট টাঙ্গানোর জন্য অনুরোধ করেন।<br>জনাব মো: হাবিবুর রহমান, সহকারী অধ্যাপক, বেগম ফায়জুন্নেছা মহিলা ডিগ্রী কলেজ এবং সাংবাদিক সভায় জানান যে, বামনা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে তবে মাদকাসক্ত তুলনামূলকভাবে বেশী। তিনি মাদক নির্মূল করার জন্য দাবি জানান। এছাড়া, স্কুল কলেজগামী ছাত্ররা স্কুলের সময় মোবাইলে ফ্রি-ফেয়ার গেম খেলে বিপথগামী হচ্ছে। তাছাড়া, বদনীখালী খেয়াঘাটে মানুষ পাড়াপাড়ে টাকা বেশী নিচ্ছে। তিনি জানান বাজার মনিটরিং কমিটির মাধ্যমে বাজার মনিটরিং করা হচ্ছে। তবে তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে মাঝে মধ্যে বাজার মনিটরিং করার জন্য অনুরোধ জানান। তিনি বিশেষ করে তৈলের উপর একটু বেশী মনিটরিং করার জন্য অনুরোধ করেন।<br>জনাব আলহাজ্ব মো: ইউসুফ আলী, সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, বামনা সকলকে ধন্যবাদ জানান। তিনি জানান বামনা মডেল মসজিদের কাজ শুরু হয়েছে। তবে আরও ত্বরিত গতিতে মসজিদের কাজ করার জন্য এবং তদারকি করার জন্য সভায় অনুরোধ জানান। | (ক) বাজারদর নিয়ন্ত্রণে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং করতে হবে।<br>(খ) সকল ধরণের অপরাধীদের দ্রুত আইনের আওতায় আনার জন্য অফিসার ইন চার্জ, বামনা থানাকে অনুরোধ করেন।<br>(গ) বামনা সাহেব বাড়ি বাজার সম্প্রসারণের নিমিত্ত ডোবা পরিপূর্ণভাবে ভরাটের লক্ষ্যে বরাদ্দ বৃদ্ধি করতে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-০২ ও মুখ্য উপদেষ্টা মহোদয়কে অনুরোধ করা হয়।<br>(ঘ) চুরি, ডাকাতি রোধের জন্য প্রত্যেক ইউনিয়নে গ্রাম পুলিশদের সমন্বয়ে পাহারার ব্যবস্থা ও পুলিশী টহল বৃদ্ধি অব্যাহত রাখতে হবে এবং রাখতে হবে।<br>(ঙ) স্কুল কলেজ গামী ছাত্রদের মোবাইল গেম খেলা এবং আড্ডা দেয়া হতে বিরত রাখার জন্য সকল ছাত্রের অভিভাবকদের স্থানীয় চেয়ারম্যানদের মাধ্যমে সতর্ক করার জন্য অনুরোধ করা হলো।<br>(চ) বামনা মডেল মসজিদ এর নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে এবং মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, বামনা।<br>২) অফিসার ইন চার্জ, বামনা থানা।<br>৩) চেয়ারম্যান (সকল), বামনা উপজেলা।<br>৪) বাজার মনিটরিং কমিটির আহবায়কগণ।<br>৫) সভাপতি, বণিক সমিতি, বামনা বাজার।<br>৬) সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব বামনা। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩ | জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-০২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা সভায় সকলকে ছালাম ও ধন্যবাদ জানান। তিনি বলেন যে, বামনা উপজেলার সার্বিক পরিস্থিতি এবং আইন শৃঙ্খলা অন্য যে কোন উপজেলার তুলনায় খুবই ভাল আছে। তিনি বলেন বর্তমানে করোনা ব্যধি শেষ পর্যায়ে আছে। দেশে করোনা পরিস্থিতি অনেক ভাল। তিনি বলেন মাদক, নেশা এবং ছাত্র-ছাত্রীগণ মোবাইলে আসক্ত হওয়ায় পরবর্তী প্রজন্মকে খারাপ অবস্থার দিকে ঠেলে দিচ্ছে। তিনি অফিসার ইন চার্জ, বামনা থানাকে মাদক/ইয়াবা বন্ধ করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। তিনি বলেন বামনা বাজার সম্প্রসারণের জন্য প্রয়োজনে আলোচনা করে বরাদ্দ বৃদ্ধি করবেন এবং তিনি রাস্তার উপর হতে বাজারটি নতুন সম্প্রসারিত স্থানে স্থানান্তরের চেষ্টা করবেন। তিনি বলেন তাতে পরিবেশের জন্যও ভাল হবে। তিনি সকলকে ধন্যবাদ জানান।<br>সভাপতি বাজার মনিটরিং কমিটিকে নিয়মিত বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করেন। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের ইতোমধ্যে সরবরাহকৃত বাজার টোল চার্ট ইউনিয়নের সকল বাজারে টাঙ্গানোর জন্য অনুরোধ করেন। তিনি বলেন যে, সরকারী অনুমোদনবিহীন অবৈধ ডায়গনেস্টিক স্টোরের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ডৌয়াতলা ও বামনা সাহেব বাড়ি বাজারে নিরাপত্তার জন্য সি.সি ক্যামেরা স্থাপনের কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে। তিনি বলেন যে, বরগুনা জেলা পরিষদের আওতাধীন বিভিন্ন খেয়াঘাটের (১ম ও ৩য় শ্রেণীর) ১৪২৯ বাংলা সনের টোল/মাশুল আদায়ের তালিকা সভায় উপস্থাপন করেন। উক্ত টোল রেটে উল্লেখ আছে যে, (১) ০৫ বছরের শিশুর জন্য কোন মাশুল লাগবেনা (২) নিজে মাল বহন করলে ১৫ কেজি পরযন্ত মালের কোন মাশুল লাগবেনা (৩) বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী (পুস্তকাদিসহ) বিনা মাশুলে যাতায়াত করতে পারবে (৪) প্রতিবন্ধী বিনা মাশুলে যাতায়াত করতে পারবে (৫) জেলা পরিষদের সদস্যবৃন্দ/কর্মকর্তা এবং যে কোন সরকারি, আধাসরকারি সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের গাড়ীর মাশুল লাগবেনা। তিনি বলেন কোন ক্রমেই উক্ত নির্দেশনা এবং টোল চার্টের বেশী ভাড়া না নেওয়ার জন্য খেয়াঘাট ইজারাদারদের আহবান জানান। তিনি বলেন কোন খেয়াঘাটে অতিরিক্ত ভাড়া দাবি করলে ও নেয়ার সংবাদ পাওয়ার সাথে সাথেই আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | (ক) মাদক/ইয়াবা বন্ধ করার জন্য অফিসার ইন চার্জ, বামনা থানাকে অনুরোধ করা হয়।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মোবাইলে আসক্ত হওয়া থেকে বিরত রাখার জন্য চেয়ারম্যান গণের মাধ্যমে সকল অভিভাবক এবং সকল শিক্ষকগণকে অনুরোধ করা হয়।<br>(গ) আলোচনা সাপেক্ষে বাজার সম্প্রসারণের জন্য মাটি ভরাট কাজের বরাদ্দ বৃদ্ধি করা হবে।<br>(ঘ) সকল বাজারের দৃশ্যমান স্থানে টোল চার্ট টাঙিয়ে দিতে হবে।<br>(ঙ) খেয়াঘাটের ইজারাদাকে খেয়া পাড়াপাড়ে অতিরিক্ত ভাড়া আদায় না করার জন্য অনুরোধ করা হয়।<br>(চ) অবৈধ সরকারী অনুমোদনবিহীন ডায়গনোস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার, বামনা।<br>২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বামনা।<br>৩) অফিসার ইন চার্জ, বামনা থানা।<br>৪) চেয়ারম্যান (সকল), বামনা উপজেলা।<br>৫) প্রধান শিক্ষক, সকল শিক্ষা প্রতিষ্ঠান।<br>৬) সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব বামনা।<br>৭) ইজারাদার, বামনা ও রামনা খেয়াঘাট। |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং অদ্যকার সভায় জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-০২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা উপস্থিত থাকায় পুনরায় তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৫/২০২২
(বিবেক সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
বামনা, বরগুনা।

পত্র নম্বর: ০৫.১০.০৪১৯.০০৮.০৫.০০২.১৩- ৩৭৬ তারিখ: ২৫.০৫.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-০২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, বরগুনা।
৪. পুলিশ সুপার, বরগুনা।
৫. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা ও উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা ও উপদেষ্টা, বামনা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
৭. অফিসার-ইন-চার্জ, বামনা থানা।
৮. উপজেলা ...................................... কর্মকর্তা (সকল), বামনা, বরগুনা।
৯. চেয়ারম্যান, বুকাবুনিয়া, বামনা, রামনা ও ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
১০. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, ....................................
১১. কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বামনা উপজেলা কমান্ড, বামনা, বরগুনা।
১২. সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, বামনা, বরগুনা।
১৩. সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, বামনা, বরগুনা।
১৪. জনাব ....................................

২৫/০৫/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।